দৈনিক সংবাদ

তারিখ ... 24 OCT 1995 ...
পৃষ্ঠা ... ৬ ... কলাম ... ৭ ......

25

# পাঁচটি থানায় শিক্ষা ক্ষেত্রে অচলাবস্থা দেখা দিয়েছে

পঞ্চগড়, ২৩শে অক্টোবর (নিজস্ব সংবাদদাতা)।- জেলার ৫টি থানায় সার্বজনীন শিক্ষা ও বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা কার্যক্রম পরিচালনায় প্রয়োজনীয়-সংখ্যক কর্মকর্তা ও কর্মচারী না থাকায় শিক্ষা ক্ষেত্রে অচলাবস্থা সৃষ্টি হয়েছে।

বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা ও গণশিক্ষা কার্যক্রমকে আরো বেগবান করার লক্ষ্যে শিক্ষার জন্য খাদ্য প্রকল্প চালু করে প্রশাসনিকভাবে দায়িত্ব বাড়ানো হয়েছে। কিন্তু কর্মকর্তা ও কর্মচারীর সংখ্যা বাড়ানো হয়নি, পক্ষান্তরে মঞ্জুরিকৃত সহ জেলা প্রাথমিক শিক্ষা অফিসারের পদ ১টি, থানা শিক্ষা কর্মকর্তার ৫টির মধ্যে ৪টি, সহ থানা শিক্ষা অফিসার ১৯টির মধ্যে ৭টি, ইউডিএ ৬টির মধ্যে ২টি এবং এলডিএ ১১টির মধ্যে ৫টি পদ এখনো শূন্য হয়েছে। ফলে জেলার ৪৮০টি প্রাথমিক বিদ্যালয়ে সঠিক তদারকি ও প্রশাসনিক কার্যক্রম পরিচালনা দারুণভাবে বিঘ্নিত হচ্ছে।